



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক ক্র:বি./তথ্য ও জন./প্র:বি/২০০৯/৬৫৬

তারিখ: ২০/১০/২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### কুবিতে ১২ জন গুণী শিক্ষককে দেওয়া হয়েছে গবেষণা প্রণোদনা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের আয়োজনে গবেষণায় অসামান্য অবদান রাখায় গুণী শিক্ষকদেরকে প্রণোদনা দেয়া হয়েছে। এতে বিজ্ঞান অনুষদের ৫ জন, কলা ও মানবিক অনুষদের ১জন, সামাজিক বিজ্ঞান অনুষদের ১ জন, ব্যবসায় শিক্ষা অনুষদের ৩ জন এবং প্রকৌশল অনুষদের ২ জনসহ সর্বমোট ১২ জন শিক্ষককে সম্মাননা সনদ ও প্রণোদনা দেওয়া হয়।

সোমবার (২০ অক্টোবর) বিকাল ৩.৩০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভার্চুয়াল ক্লাসরুমে গবেষণা প্রণোদনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, 'আজকে যাঁরা এখানে উপস্থিত আছেন, আপনাদের প্রতি আমার অনুরোধ থাকবে, আপনারা শিক্ষার্থীদেরকে গবেষণায় উদ্বুদ্ধ করেন। সিলেবাসে আপনাদের গবেষণা অন্তর্ভুক্ত করেন এবং শিক্ষার্থীদেরকে সেগুলো পড়ান। এতে করে শিক্ষার্থীরা গবেষণার প্রতি আগ্রহী হবে। শিক্ষার্থীরা যত বেশি গবেষণা করবে, বিশ্ববিদ্যালয়ের জন্য ততবেশি উপকার হবে। কারণ শিক্ষকের অনেক কাজ থাকে, সে কাজ করে গবেষণা করার জন্য পর্যাপ্ত সময় বের করা কষ্ট হয়ে উঠে। সে হিসেবে শিক্ষার্থীরা এখনো তরুণ, তারা বিভিন্ন বিষয় নিয়ে আমাদের চেয়ে গভীরভাবে ভাবতে পারে। আপনারা যারা শিক্ষক তাদের উচিত শিক্ষার্থীদের ভাবনার সুযোগ করে দেওয়া।'

মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান বলেন, যারা শিক্ষকতার পাশাপাশি গবেষণাকে আপন করে নিয়েছে, সেরকম একঝাঁক মেধাবী গবেষকদের এমন একটা উৎসবমুখর পরিবেশে সম্মাননা প্রদানের জন্য গবেষণা ও সম্প্রসারণ দপ্তরকে ধন্যবাদ জানাই। যারা আজকে এখানে প্রণোদনা পাবেন তারা মেধাবীদের মাঝে মেধাবী শিক্ষক। একজন আদর্শ শিক্ষকের ক্লাস পারফরমেন্স যেমন থাকবে তেমনি গবেষণার ক্ষেত্রেও তাদের অবদান থাকবে। এভাবেই ক্লাস পারফরমেন্স, গবেষণা, প্রশাসনিক দক্ষতা সব মিলিয়ে হয়ে উঠে আদর্শ শিক্ষক।'

অনুষ্ঠানের সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন বলেন, 'আজকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের আনন্দের দিন। বছরে একবার আমরা এই আয়োজন করতে পারি। আমি বিশ্বাস করি আজকে যারা সম্মাননা পেয়েছেন তাদের কাজ দেশ ও জাতি গঠনে অবদান রাখবে। যারা গবেষণা করে এবং যারা গবেষণা করতে আগ্রহী তাদেরকে অনুপ্রেরণা দেওয়ার জন্যই এই আয়োজন।'

তিনি আরো বলেন, আমার প্রত্যাশা আপনাদের হাত ধরেই আগামী দিনে কুমিল্লা বিশ্ববিদ্যালয় দেশে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে অবস্থান তৈরি করবে।'

প্রণোদনা প্রাপ্ত শিক্ষকগণ হলেন পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক ড. জে. এম. আবিদ সালমান চৌধুরী, রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক মোঃ রাসেল মনি, পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক আবদুল আহাদ ও সহযোগী অধ্যাপক ড. মিথুন কুমার দাস, গণিত বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ শফি উল্লাহ, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ইসরাত জাহান নিমনী, অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. স্বপন চন্দ্র মজুমদার, মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. শহিদুল ইসলাম ও অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল হাসান, এআইএস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন এবং আইসিটি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ মেহেদী হাসান ও সহকারী অধ্যাপক আলিমুল রাজী।

(মোহাম্মদ এমদাদুল হক)  
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়